

মিশিগান ভোটার তথ্য কেন্দ্র – ২ আগস্ট প্রাথমিক

আপনি কি ২রা আগস্টের প্রাথমিক নির্বাচনে ভোট দিতে প্রস্তুত?

এটি গুরুত্বপূর্ণ একটি নির্বাচন, যা জাতিগোষ্ঠীকে সাথে নিয়ে স্টেট ও স্থানীয় কর্মকর্তা, বিচার বিভাগের সদস্য এবং কংগ্রেসের সদস্য নির্বাচনে সাহায্য করবে।

আপনি এই বছর কিভাবে ভোট দেবেন তা পরিকল্পনা করার সময়, আমরা আপনাকে **Michigan.gov/Vote** ঠিকানায় ভিজিট করার পরামর্শ দেই।

এই সাইটে আপনি কী কী করতে পারবেন তার কিছু এখানে উল্লেখ করা হলো:

- আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধিত কিনা যাচাই করুন।
- ভোট দিতে নিবন্ধন করুন, বা আপনার নিবন্ধন আপডেট করুন, নির্বাচনের দুই সপ্তাহ আগ পর্যন্ত। তাছাড়া, আপনি এখনও নিবন্ধন ও আপডেট করতে পারবেন, তবে এটি আপনার স্থানীয় নির্বাচন ক্লার্কের অফিসে করতে হবে।
- একটি অনুপস্থিতির ব্যালট বা একটি প্রবেশযোগ্য অনুপস্থিতির ব্যালটের জন্য অনুরোধ করুন যাতে আপনি বাড়ি থেকে ভোট দিতে পারেন।
- ক্লার্ক আপনাকে এটি কখন পাঠাচ্ছেন এবং এটি ফিরে পেয়েছেন কিনা তা নিশ্চিত করতে আপনার অনুপস্থিতির ব্যালটটি ড্র্যাক করুন।
- আপনার ক্লার্কের সাথে যোগাযোগের তথ্য খুঁজুন।
- ব্যালট ড্রপ বক্স এবং আপনার ভোট কেন্দ্রের লোকেশন জানুন।
- আপনার আওতা অধীনস্থ নমুনা ব্যালট দেখুন।

এই নির্বাচনে, আপনার যা কিছু প্রয়োজন সব এক জায়গায় পান: **Michigan.gov/Vote**